



বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন
কৃষি ভবন, ৪৯-৫১ দিলকুশা বাণিজ্যিক এলাকা, ঢাকা-১০০০
(বীজ বিতরণ বিভাগ)

কৃষিই সমৃদ্ধি

স্মারক নং-১২-২৭৫.০৩৫.০১.০৮.০০৮.২০১০-১৯/১৭৬

তারিখ

১৬ জৈষ্ঠ ২৪২৬
৩০ মে ২০১৯
Boghamman / SAE
30.5.19

উপপরিচালক (বীবি),
বিএডিসি,(সকল)

বিষয়ঃ ২০১৯-২০ বিতরণ বর্ষে সিমবীজের (দেশি) অঞ্চলওয়ারি বরাদ্দসূচি।

আসন্ন ২০১৯-২০ বর্ষে বিতরণযোগ্য ভিত্তি শ্রেণির ১৯৮১.০০০ কেজি ও মানসম্পন্ন ৫৫৪.০০০ কেজিসহ সর্বমোট ২৫৩৫.০০০ কেজি বিভিন্ন জাতের সিমবীজ চাষি পর্যায়ে বিতরণের জন্য সংরক্ষিত আছে। চলতি মৌসুমে বিতরণের জন্য অঞ্চলওয়ারি এবং জাতভিত্তিক একটি বিতরণ কর্মসূচি সংযুক্ত করা হলো (পরিশিষ্ট-ক)। এই কর্মসূচি প্রণয়নের সময় নিম্নে বর্ণিত বিষয়গুলোর উপর গুরুত্ব দেয়া হয়েছে :-

ক) জাতওয়ারি গুণাবলি এবং বিভিন্ন অঞ্চলে আবাদের উপযুক্ততা।

খ) বিভিন্ন অঞ্চলে বিগত বছর সমূহে বীজ বিক্রির গতিধারা।

গ) বীজের মজুদ ও প্রাপ্যতা।

২। এই কর্মসূচি পাওয়ার পর উপপরিচালক (বীবি) জেলা প্রশাসক, উপপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর ও জেলা পর্যায়ে অন্যান্য সংশ্লিষ্ট কর্মকর্তাবৃন্দের সাথে পরামর্শ করে বর্ণিত 'ক' থেকে 'গ' বিষয়ের উপর গুরুত্ব দিয়ে জেলা ও উপজেলাওয়ারি ডিলার ভিত্তিক বীজ বরাদ্দ প্রদানের ব্যবস্থা নিবেন এবং জেলা মনিটরিং কমিটি (সার ও বীজ) কে লিখিতভাবে অবহিত করবেন। তাছাড়া যথাসময়ে জেলা ও উপজেলা বীজ বিক্রয় কেন্দ্রে বীজ প্রেরণের ব্যবস্থা নিবেন।

৩। উপপরিচালক (বীবি) তার অঞ্চলের বিপরীতে বরাদ্দকৃত সবজি বীজ নিজ দায়িত্বে উপপরিচালক (সবজি বীজ), বীজ ভবন, বিএডিসি, মিরপুর, ঢাকা হতে জরুরি ভিত্তিতে সংগ্রহ করবেন।

৪। সিনিয়র সহকারী পরিচালক/উপসহকারী পরিচালক (বীবি) বীজ বরাদ্দ প্রাপ্তির পর সংশ্লিষ্ট উপজেলা নির্বাহী অফিসার, উপজেলা কৃষি কর্মকর্তাকে লিখিতভাবে জানাবেন।

৫। কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের প্রদর্শনীসহ অন্য কোন কর্মসূচির বীজের চাহিদা যদি থাকে তা অগ্রাধিকার ভিত্তিতে সরবরাহ নিশ্চিত করতে হবে। তবে এক্ষেত্রে অনির্দিষ্ট সময়ের জন্য বীজ ধরে রাখা যাবে না এবং সদর দপ্তরের নির্দেশ ব্যতীত কোন বীজ ধরে রাখা বা বাকিতে সরবরাহ করা যাবে না।

৬। "আগে আসলে আগে পাবেন" ভিত্তিতে আঞ্চলিক বীজ বিক্রয় কেন্দ্র হতে বীজ ডিলার, জেলা ট্রানজিট বীজ বিক্রয় কেন্দ্র হতে বীজ ডিলার ও কৃষক এবং জেলা/উপজেলা বীজ বিক্রয় কেন্দ্র হতে কৃষকদের মাঝে বীজ বিক্রয় করতে হবে।

৭। নির্দিষ্ট তারিখে সংশ্লিষ্ট বীজ ডিলারগণ সংস্থার বিধি মোতাবেক বীজ উত্তোলনে ব্যর্থ হলে তাদের জন্য অপেক্ষা না করে বীজ "আগে আসলে আগে পাবেন" ভিত্তিতে অন্য বীজ ডিলার ও চাষীদের নিকট বিক্রির ব্যবস্থা নিবেন।

৮। যে সকল বীজ ডিলার বীজ বরাদ্দ পেয়ে বীজ ক্রয় করবেন তাদের নাম, ঠিকানা ও বীজের পরিমাণ উল্লেখ করে বিদ্যমান পদ্ধতি অনুযায়ী সংশ্লিষ্ট উপজেলা কৃষি অফিসার, জেলার সংশ্লিষ্ট উপপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর এবং জেলা প্রশাসককে লিখিতভাবে অবহিত করবেন এবং অনুলিপি সকলের অবগতির জন্য স্থায়ী নোটিশ বোর্ডে প্রদর্শন করার ব্যবস্থা নিবেন।

৯। মৌসুমের বীজ সুসজ্জিত নতুন প্যাকেটে সরবরাহ করা হবে। বীজের গুণাগুণ ও বৈশিষ্ট্য সম্পর্কে কৃষক/ক্রেতাগণকে অবহিত করতে হবে। ক্রেতাগণকে আকৃষ্ট করার লক্ষ্যে বিক্রয় কেন্দ্রে প্যাকেট প্রদর্শন করতে হবে।

১০। বীজ বিতরণের অগ্রগতি প্রত্যক্ষ করে বীজ বিক্রয় কেন্দ্রে বীজ পাঠাতে হবে যাতে প্রেরিত বীজ ফেরৎ আনতে না হয়।

- ১১। উপপরিচালক (বীবি) মৌসুমের মধ্যে সমুদয় বীজ বিক্রির সর্বাঙ্গিক প্রচেষ্টা গ্রহণ করবেন যাতে কোন বীজ অবিক্রিত না থাকে। বীজ বিক্রয় কেন্দ্র পরিদর্শনকালে নিয়মিত মজুদ ও বিক্রয় অগ্রগতি প্রত্যক্ষ পূর্বক বিক্রয়লব্ধ অর্থ সংস্থার ব্যাংক হিসাবে জমাদান নিশ্চিত করবেন এবং সদর দপ্তরে যথাসময়ে সহানান্তরের ব্যাপারে নিশ্চয়তা বিধান করবেন যাতে কোন প্রকার আর্থিক অনিয়ম সংঘটিত না হয়।
- ১২। যুগ্মপরিচালক (বীবি) তার আওতাধীন অঞ্চলসমূহে বিক্রয় অগ্রগতি ও চাহিদা প্রত্যক্ষ করে কর্মসূচির সুষ্ঠু বাস্তবায়নের লক্ষ্যে অতিরিক্ত মহাব্যবস্থাপকের (বীবি) পরামর্শক্রমে অঞ্চলে বরাদ্দকৃত বীজের আন্তঃঅঞ্চল বরাদ্দ সমন্বয় এবং পুনর্বিন্যাস করতে পারবেন। কোন অবস্থাতেই মৌসুমে একবার বীজ প্রত্যাহৃত অঞ্চলে পুনরায় বীজ বরাদ্দ এবং প্রেরণ করা যাবে না। তবে বিশেষ পরিস্থিতিতে অতিরিক্ত মহাব্যবস্থাপক (বীবি)এর অনুমোদনক্রমে প্রত্যাহৃত অঞ্চলে বীজের মজুদ সাপেক্ষে পুনঃবরাদ্দ করা যেতে পারে।
- ১৩। যুগ্মপরিচালক (বীবি) তাদের আওতাধীন অঞ্চলসমূহে মৌসুমের মধ্যেই বরাদ্দকৃত সমুদয় বীজ যাতে সুষ্ঠুভাবে বিক্রি সম্পন্ন হয় তা নিয়মিত মনিটর করবেন এবং কোন আর্থিক অনিয়ম সংঘটিত না হয় সে ব্যাপারে বিশেষ দৃষ্টি রাখবেন। এ লক্ষ্যে অঞ্চলসমূহে নিয়মিত পরিদর্শন পূর্বক বীজ বিক্রয় সংক্রান্ত যাবতীয় রেকর্ড/রেজিস্ট্রারসমূহ যাচাই ও পরীক্ষা করবেন। বীজ বিক্রয়লব্ধ টাকা সংস্কার খাতে জমা প্রদান ও সদর দপ্তরে সহানান্তরের বিষয়টি নিশ্চিত করবেন।
- ১৪। কোন অঞ্চলে বীজের বিশেষ চাহিদা দেখা দিলে যথাসময়ে বীজ বিতরণ বিভাগের অতিরিক্ত মহাব্যবস্থাপক (বীবি)এর সাথে যোগাযোগ করার জন্য পরামর্শ দেয়া হলো।
- ১৫। সবজি বীজ কর্মসূচি এর স্মারক নং ৮৪৩, তারিখ ২২ মে ২০১৯ মোতাবেক চাষি পর্যায়ে ও ডিলার পর্যায়ে বীজের বিক্রয় মূল্য নিম্নরূপ নির্ধারণ করা হয়েছে। ডিলারদের নিকট থেকে ডিলার পর্যায়ে বিক্রয় মূল্য ও চাষি পর্যায়ে বিক্রয়মূল্যের পার্থক্যের উপর ৩% হারে/বিধিমোতাবেক উৎসে আয়কর কর্তন করে যথাসময়ে আয়কর অফিসে জমাদানের ব্যবস্থা নিতে হবে।

বীজের নাম	বীজের শ্রেণি	ডিলার পর্যায়ে বিক্রয় মূল্য (টাকা/কেজি)	চাষি পর্যায়ে বিক্রয় মূল্য (টাকা/কেজি)
দেশি সিম	ভিত্তি	১৮০.০০	২০০.০০
	মানঘেষিত	১৭০.০০	১৯০.০০

- ১৬। উদ্যান উন্নয়ন কেন্দ্র ও এগ্রো সার্ভিস সেন্টারসমূহ তাদের চাহিদা অনুযায়ী বীজ বিতরণ বিভাগের মাধ্যমে সবজি বীজ প্রক্রিয়াজাতকরণ কেন্দ্র, বীজ ভবন, গাবতলী, মিরপুর, ঢাকা হতে ডিলার মূল্যে উন্নতমানের সবজি বীজের সরবরাহ নিতে পারবেন। ২,৫০০.০০ (দুই হাজার পাঁচ শত) টাকা পর্যন্ত বীজের মূল্য নগদে এবং ২,৫০০.০০ টাকার অধিক মূল্য সংশ্লিষ্ট উপপরিচালক (বীবি) এর ব্যাংক হিসাবের অনুকূলে পে অর্ডার/ব্যাংক ড্রাফট এর মাধ্যমে পরিশোধ করতে হবে।
- ১৭। অঞ্চলের চাহিদা সৃষ্টি এবং বীজ বিতরণ এর লক্ষ্যমাত্রা অর্জনে প্রয়োজনে অঞ্চলের প্রদত্ত বরাদ্দে সকল জাতের শতকরা ৫০ ভাগ বীজ সরবরাহ প্রাপ্তির পূর্বে আগ্রহী বীজ ডিলারদের নিকট এলাকা ভিত্তিক অগ্রিম বিক্রয়ের ব্যবস্থা গ্রহণ করা যেতে পারে। অগ্রিম মূল্য পরিশোধ সাপেক্ষে বীজ ডিলারগণ অগ্রিম বীজ ক্রয় করতে পারবেন। তবে কোন অবস্থাতেই অগ্রিম পরিশোধিত বীজের মূল্য ফেরৎ দেয়া যাবে না। অগ্রিম বিক্রয়ের ক্ষেত্রে ক্রেতাকে বীজ ক্রয়কালীন সময়ে বীজ সরবরাহের তারিখ ক্যাশমেমোতে উল্লেখ করে দিতে হবে। এ ক্ষেত্রে একচেটিয়া ব্যবসা এবং বাজার মূল্য নিয়ন্ত্রণের বিষয়টিকে বিবেচনায় রাখতে হবে।
- ১৮। বীজ বিতরণ বিভাগের অতিরিক্ত মহাব্যবস্থাপক (বীবি)এর অনুমোদন ব্যতীত কোন অবস্থাতেই কর্মসূচিতে প্রদত্ত বরাদ্দ আন্তঃবিভাগ সমন্বয়/সরবরাহ/পরিবহন করা যাবে না।
- ১৯। মহাব্যবস্থাপক (বীজ), বিএডিসি, ঢাকা স্মারক নং-১০৭৮, তারিখ ৪ জুন ২০১৭ মূলে জারিকৃত বীজ ডিলারদের বীজ সরবরাহের নিয়মাবলি এবং ডিলারের করণীয় সংক্রান্ত নিয়মাবলি যা ১ জুলাই ২০১৭ তারিখ থেকে কার্যকর হয়েছে তা যথাযথভাবে বাস্তবায়নের বিষয়টি উপপরিচালক (বীবি) মনিটর করবেন।

- ২০। বিএডিসি'র গুদাম হতে বীজ উত্তোলন করে আনার পর বীজ ডিলার নিজ উদ্যোগে সংশ্লিষ্ট উপজেলা নির্বাহী কর্মকর্তা ও উপজেলা কৃষি কর্মকর্তাকে বীজের **Arrival Report** প্রদান করে মৌসুমের মধ্যেই সমুদয় বীজ বিক্রির ব্যবস্থা নিবেন। ডিলার কর্তৃক এতৎসংক্রান্ত নির্দেশ পালনের বিষয়টি উপপরিচালক (বীবি) নিশ্চিত করবেন।
- ২১। বীজ বিতরণের চূড়ান্ত প্রতিবেদন নির্ধারিত ছক অনুযায়ী বিক্রয় মৌসুম শেষ হবার এক সপ্তাহের মধ্যে বীজ বিতরণ বিভাগ সদর দপ্তরে অবশ্যই দাখিল করতে হবে।
- ২২। উপপরিচালক (বীবি) বরাদ্দকৃত সবজি বীজ বিক্রয় নিশ্চিত ও ত্বরান্বিত করার লক্ষ্যে প্রয়োজনীয় প্রচারণার ব্যবস্থা গ্রহণ করবেন। এক্ষেত্রে বীজ বিক্রয় কেন্দ্রের দায়িত্বপ্রাপ্ত সিনিয়র সহকারী পরিচালক/উপসহকারী পরিচালক (বীবি)/গুদাম রক্ষকগণকে সুস্পষ্ট পরামর্শ দিয়ে দায়িত্ব প্রদান করবেন। কোন বীজ অবিক্রিত রাখা যাবে না।
- ২৩। কৃষকগণ যাতে সহজে যথাসময়ে সংস্থার নির্ধারিত দরে বীজ ক্রয় করতে তা নিশ্চিত করতে সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হলো।
- ২৪। বীজ বিতরণ বিভাগ বীজ বিক্রির কার্যক্রম নিবিড়ভাবে মনিটর করবেন।



(আঃ হোসেন লাইজী)
মহাব্যবস্থাপক (বীজ)
বিএডিসি, ঢাকা।

স্মারক নং-১২.২৭৫.০৩৫.০১.০৮.০০৮.২০১০-১৯/৭৭৩ (৩৭)

তারিখঃ-১৩ মে ২০১৯

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণার্থে প্রেরিত হলোঃ-

- ১। মহাব্যবস্থাপক (বীজ/এএসসি/উদ্যান উন্নয়ন), বিএডিসি, ঢাকা।
- ২। প্রধান, মনিটরিং ও মূল্যায়ন বিভাগ, বিএডিসি, ঢাকা।
- ৩। যুগ্মপরিচালক (সবজি বীজ), জাতীয় সবজি বীজ প্রকল্প, বিএডিসি, ঢাকা। বরাদ্দসূচি অনুযায়ী বীজ প্রেরণের ব্যবস্থা গ্রহণের জন্য আপনাকে অনুরোধ করা হলো।
- ৪। জনসংযোগ কর্মকর্তা, বিএডিসি, ঢাকা।
- ৫। যুগ্মপরিচালক (বীজ বিপণন), বিএডিসি, ঢাকা/চট্টগ্রাম/সিলেট/রাজশাহী/যশোর/বরিশাল।
- ৬। উপপরিচালক (সবজি বীজ), সবজি বীজ প্রক্রিয়াজাতকরণ কেন্দ্র, বীজ ভবন, বিএডিসি, গাবতলী, মিরপুর, ঢাকা।



(মোঃ মোস্তাফিজুর রহমান)
অতিরিক্ত মহাব্যবস্থাপক (বীবি)
বীজ বিতরণ বিভাগ, বিএডিসি, ঢাকা।

অনুলিপি সদয় জ্ঞাতার্থেঃ

- ১। চেয়ারম্যান মহোদয়ের একান্ত সচিব, বিএডিসি, ঢাকা।
- ২। মহাপরিচালক, বীজ উইং মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কৃষি মন্ত্রণালয়, ঢাকা।
- ৩। মহাপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর মহোদয়ের ব্যক্তিগত সহকারি, খামারবাড়ি, ঢাকা।
- ৪। সদস্য পরিচালক (বীজ ও উদ্যোগ) মহোদয়ের সহকারী ব্যক্তিগত কর্মকর্তা, বিএডিসি, ঢাকা।

বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন
(বীজ বিতরণ বিভাগ)

২০১৯-২০ বিতরণ বর্ষে দেশি সিমবীজের অঞ্চলওয়ারি বরাদ্দসূচি

পরিমাণঃ কেজি

ক্রঃ নং	অঞ্চলের নাম	বারি ১		বারি ৬		ইপসা ২		বারি ৮	মোট
		ভিত্তি	ভিত্তি	ভিত্তি	মানসম্পন্ন	মোট	বরাদ্দ ভিত্তি		
১	ঢাকা	৯৫.০০০	৪০.০০০	৩৩.০০০	৩৮.০০০	৭১.০০০	২০.০০০	২২৬.০০০	
২	ময়মনসিংহ	১০.০০০	১০.০০০		২০.০০০	২০.০০০	৬.০০০	৪৬.০০০	
৩	জামালপুর	১০.০০০		৫.০০০	২০.০০০	২৫.০০০	৬.০০০	৪১.০০০	
৪	কিশোরগঞ্জ	৩০.০০০	১০.০০০	২৫.০০০	৩০.০০০	৫৫.০০০	১০.০০০	১০৫.০০০	
৫	টাঙ্গাইল	১০.০০০	১০.০০০	৫.০০০	২০.০০০	২৫.০০০	৬.০০০	৫১.০০০	
৬	ফরিদপুর	১৪.০০০	১০.০০০	১০.০০০	২০.০০০	৩০.০০০	১০.০০০	৬৪.০০০	
৭	চট্টগ্রাম	২.০০০	১.০০০	৪.০০০	৮.০০০	১২.০০০	২.০০০	১৭.০০০	
৮	রাঙ্গামাটি	৬.০০০	১.০০০	৪.০০০	৮.০০০	১২.০০০	২.০০০	২১.০০০	
৯	বান্দরবান	৮.০০০	১০.০০০	৪.০০০	৮.০০০	১২.০০০	২.০০০	৩২.০০০	
১০	নোয়াখালী	৩৫.০০০	৪০.০০০	৬.০০০	১২.০০০	১৮.০০০	১১.০০০	১০৪.০০০	
১১	কুমিল্লা	১০.০০০	৪০.০০০	৬.০০০	২০.০০০	২৬.০০০	১১.০০০	৮৭.০০০	
১২	সিলেট	৯০.০০০	৯৭.০০০	৫০.০০০	৪০.০০০	৯০.০০০	১১.০০০	২৮৮.০০০	
১৩	রাজশাহী	৩০.০০০	১০.০০০	২৫.০০০	৩০.০০০	৫৫.০০০	১১.০০০	১০৬.০০০	
১৪	পাবনা	১০.০০০	১০.০০০	৬.০০০	৩০.০০০	৩৬.০০০	১১.০০০	৬৭.০০০	
১৫	বগুড়া	১৯০.০০০	৪০.০০০	৪০.০০০	৪৫.০০০	৮৫.০০০	২১.০০০	৩৩৬.০০০	
১৬	রংপুর	১০০.০০০	১০০.০০০	৪০.০০০	৪৬.০০০	৮৬.০০০	২১.০০০	৩০৭.০০০	
১৭	দিনাজপুর	৫৮.০০০	১০.০০০	৩০.০০০	৩৬.০০০	৬৬.০০০	২১.০০০	১৫৫.০০০	
১৮	খুলনা	১০.০০০	১০.০০০	১০.০০০	২২.০০০	৩২.০০০	৭.০০০	৫৯.০০০	
১৯	যশোর	৪০.০০০	২০.০০০	৬৪.০০০	২৫.০০০	৮৯.০০০	১৫.০০০	১৬৪.০০০	
২০	কুষ্টিয়া	৫০.০০০	৫০.০০০	৪০.০০০	৫০.০০০	৯০.০০০	২২.০০০	২১২.০০০	
২১	বরিশাল	৯.০০০	৭.০০০		১৬.০০০	১৬.০০০	৫.০০০	৩৭.০০০	
২২	পটুয়াখালী				১০.০০০	১০.০০০		১০.০০০	
মোট		৮১৭.০০০	৫২৬.০০০	৪০৭.০০০	৫৫৪.০০০	৯৬১.০০০	২৩১.০০০	২৫৩৫.০০০	

২৭/০৬/১৯

২৭/০৬/১৯

ড. মোঃ মাহবুবুর রহমান
উপব্যবস্থাপক (বীবি)
বীজ বিতরণ বিভাগ
বিএডিসি, ঢাকা।

২৭/০৬/১৯

আবু রায়হান মোঃ তারিক
ব্যবস্থাপক (বীবি)
বিএডিসি, ঢাকা।

২৭/০৬/১৯

মোঃ জৌহিদুল করিম
সহকারী ব্যবস্থাপক
বীজ বিতরণ বিভাগ
বিএডিসি, ঢাকা।

২৭/০৬/১৯

কৃষিবিদ আওতাধীন লাহিড়ী
(পরিচিতি নং-০২০০৮০)
মহাব্যবস্থাপক (বীজ)
বিএডিসি, ঢাকা।
ফোনঃ ০২-৯৫৫২৩১৭